# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২১৩

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - সমষ্টিগতভাবে মর্যাদা ও বৈশিষ্ট্য

الفصل الاول (بَاب جَامع المناقب)

---

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اللَّهُمَّ حَبِّبْ عُبَيْدَكَ هَذَا» يَعْنِي أَبَا هُرَيْرَةَ «وَأُمَّهُ إِلَى عِبَادِكَ الْمُؤْمِنِينَ وَحَبِّبْ إِلَيهِم الْمُؤمنِينَ» . رَوَاهُ مُسلم

رواه مسلم (158 / 2491)، (6396) ـ
(صَحِيح)

বাংলা

৬২১৩-[১৮] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) (দু’আয়) বললেন, হে আল্লাহ! তোমার নগণ্য এই বান্দা আবূ হুরায়রাকে এবং তার মাতাকে সকল ঈমানদারদের জন্য প্রিয়তর বানিয়ে দাও। আর সকল ঈমানদারদেরকেও এদের কাছে প্রিয়তর বানিয়ে দাও।’ (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ১৫৮-(২৪৯১), মুসনাদে আহমাদ ৮২৪২, আল মুসতাদরাক লিল হাকিম ৪২৪০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীসে দু'আ করতে গিয়ে রাসূলুল্লাহ (সা.) বহুবচনের শব্দ ব্যবহার করেছেন। অথচ তারা হলেন দু’জন। ১) আবূ হুরায়রাহ্, ২) তার মা।
মিরক্বাতুল মাফাতীহ প্রণেতা এর উত্তরে বলেন, রাসূলুল্লাহ (সা.) বহুবচনের শব্দ ব্যবহার করেছেন হয়তো এদিক লক্ষ্য করে যে, দুআর মধ্যে যেন তাদের পরিবার ও সন্তান-সন্ততি সবাই অন্তর্ভুক্ত হয়ে যায়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86189

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন